

তথ্য কমিশন
প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৭৮/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ বাদশা মিয়া
পিতা-মোঃ আলমগীর হোসেন
টি.কে ভবন (৪র্থ তলা)
১৩ কাওরান বাজার
ঢাকা-১২১৫।

প্রতিপক্ষ : জনাব ফরিদ আহমেদ
উপ-পরিচালক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর
পরিবেশ ভবন, আগারগাঁও, ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৭-০৮-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ বাদশা মিয়া ০৫-০৫-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে পরিবেশ অধিদপ্তরের উপ-পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব ফরিদ আহমেদ বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- সকল তথ্য শুধুমাত্র ঢাকা, নারায়নগঞ্জ, গাজীপুর, মানিকগঞ্জ এবং মুসিগঞ্জ জেলার জন্য।
- ১. ইটিপি থাকা বাধ্যতামূলক এমন কারখানার তালিকা (যোগাযোগের পূর্ণাঙ্গ ঠিকানাসহ)।
- ২. এই আবেদন করা পর্যন্ত মোট কতগুলো কারখানাকে (ইটিপি সংশ্লিষ্ট) পরিবেশগত ছাড়পত্র দেয়া হয়েছে তার তালিকা (যোগাযোগের পূর্ণাঙ্গ ঠিকানাসহ)।
- ৩. এই আবেদন করা পর্যন্ত মোট কতগুলো কারখানাতে ইটিপি বিদ্যমান আছে তার তালিকা (যোগাযোগের পূর্ণাঙ্গ ঠিকানাসহ)।
- ৪. এই আবেদন করা পর্যন্ত মোট কতগুলো কারখানাতে (ইটিপি সংশ্লিষ্ট) অভিযান পরিচালনা (আম্যমান আদালত) করা হয়েছে তার তালিকা (যোগাযোগের পূর্ণাঙ্গ ঠিকানাসহ)।
- ৫. অভিযানের সময় যে সমস্ত কারখানাকে জরিমানা (জরিমানার পরিমান ও কারণসহ) করা হয়েছে তার তালিকা (যোগাযোগের পূর্ণাঙ্গ ঠিকানাসহ)।
- ৬. অভিযানের সময় যে সমস্ত বিষয় (water quality parameter) পর্যবেক্ষণ করা হয় তার তালিকা।
- ৭. অভিযান এর সময় সংগৃহীত নমুনা পরীক্ষার মান (laboratory test result) এর তথ্য।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৮-০৬-২০১৪ তারিখে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) জনাব মোঃ শফিকুর রহমান পাটোয়ারী বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পর পরিবেশ/প্রচার/তথ্য অধিকার/০২/২০১১/১৪৫ নং স্মারক, ২৯-০৬-২০১৪ তারিখে পরিবেশ অধিদপ্তরের উপ-পরিচালক (প্রচার) জনাব ফরিদ আহমেদ অভিযোগকারীকে তথ্য সরবরাহ করেন। প্রদত্ত তথ্য অসত্য ও অসম্পূর্ণ বর্ণনা করে অভিযোগকারী ০৬-০৭-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ০৭-০৮-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৭-০৮-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

(অ:পঃদ)

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ বাদশা মিয়া প্রতিপক্ষ পরিবেশ অধিদপ্তরের উপ-পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব ফরিদ আহমেদ হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। এরপর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) যে তথ্য সরবরাহ করেন তা অসত্য ও অসম্পূর্ণ বিধায় তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৫। পরিবেশ অধিদপ্তরের উপ-পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর প্রার্থীত তথ্যাদি সুস্পষ্ট ও সুনির্দিষ্ট না হওয়ায় যতটুকু বোধগম্য হয়েছে তা তাকে সরবরাহ করা হয়েছে কিন্তু অভিযোগকারী প্রাপ্ত তথ্যে সম্পৃষ্ট হতে পারেননি। অভিযোগকারী সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে তথ্য চেয়ে পুনরায় আবেদন করলে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তা সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন।

পর্যালোচনা

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শ্রবনাত্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনাতে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর প্রার্থীত তথ্যাদি সুস্পষ্ট ও সুনির্দিষ্ট নয়। অভিযোগকারী সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে তথ্য চেয়ে আবেদন করলে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সে তথ্য সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনাতে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে তথ্য চেয়ে আবেদন করার জন্য অভিযোগকারী-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। অভিযোগকারী কর্তৃক আবেদন প্রাপ্তির পর তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করার জন্য পরিবেশ অধিদপ্তরের উপ-পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)-কে নির্দেশনা দেয়া হলো।
- ৩। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৪। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার